

দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)

ডি আর টাওয়ার (১৩ তলা), ৬৫/২/২, গাজী গোলাম দস্তগীর সড়ক
(বক্স কালভার্ট রোড), পুরানা পল্টন, ঢাকা-১০০০।

২২/১০/২৩

পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী

- ০১। বই, খাতা, মোবাইল ফোন, ক্যালকুলেটর (সায়েন্টিফিক), স্মার্টওয়াচ, কোন ইলেকট্রনিক ডিভাইস বা এ জাতীয় দ্রব্যাদি নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না। বর্ণিত নির্দেশ অমান্য করলে কর্তব্যরত ইনভিজিলেটর পরীক্ষার্থীকে পরীক্ষাদান থেকে বিরত রাখতে বা খাতা বাতিল করতে পারবেন এবং প্রয়োজনে কর্তব্যরত সুপারিনটেনডেন্ট তাঁকে বহিষ্কার করতে পারবেন।
- ০২। কার, মটর সাইকেল, ব্যাগ, ল্যাপটপ যা পরীক্ষার সাথে সম্পৃক্ত নয় এমন সামগ্রী পরীক্ষার্থীদের নিজ দায়িত্বে পরীক্ষা কেন্দ্রের বাহিরে সংরক্ষণ করতে হবে। কোন অবস্থাতেই উল্লিখিত সামগ্রী নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না।
- ০৩। পরীক্ষার্থীগণ পরীক্ষার হলে তাঁদের জন্য নির্ধারিত স্ব-স্ব আসনে বসবেন।
- ০৪। উত্তরপত্রের উভয় পৃষ্ঠায় লিখতে হবে। প্রতিটি প্রশ্নের উত্তর নতুন পৃষ্ঠায় শুরু করতে হবে। কোনো প্রশ্নে ভিন্ন ভিন্ন অংশ থাকলে, ঐ ভিন্ন ভিন্ন অংশের উত্তর ধারাবাহিকভাবে দিতে হবে, ভিন্ন ভিন্ন স্থানে দেয়া যাবে না। একই প্রশ্নের উত্তর ভিন্ন ভিন্ন স্থানে লেখা হলে নম্বর প্রদান করা হবে না।
- ০৫। অংকের প্রশ্নে অবশ্যই রাফ ক্যালকুলেশন দেখাতে হবে।
- ০৬। খসড়া বা অপ্রয়োজনীয় অংশ পরীক্ষার্থীকে নিজ হাতে কেটে দিতে হবে।
- ০৭। জেএআইবিবি ও এআইবিবি উভয়পর্বের প্রতিটি বিষয়ের জন্য Subject Code নির্ধারণ করা হয়েছে, যা OMR শীটে পরীক্ষার্থীগণকে যথাযথভাবে পূরণ করতে হবে।
- ০৮। প্রত্যেক পরীক্ষার্থীকে তাঁর পরীক্ষার পর্ব, রোল নম্বর, এনরোলমেন্ট নম্বর, বিষয় কোড, ব্যবহৃত লুজশীটের সংখ্যাসহ সকল তথ্য OMR শীটের পরীক্ষার্থীর অংশের নির্ধারিত স্থানে লিখতে হবে এবং কালো বলপয়েন্ট কলম দ্বারা বৃত্ত ভরাট করতে হবে। পাশাপাশি পরীক্ষার্থীকে অবশ্যই স্বাক্ষরের স্থানে স্বাক্ষর করতে হবে। কোনভাবেই “Do not Sign Out of the Box” এর বাইরে স্বাক্ষর করা যাবে না। “Do not write mark in the Litho Code Area” এর মধ্যে লেখা বা কলমের দাগ দেয়া, OMR শীটের দ্বিতীয় ও তৃতীয় অংশে কিছু লিখা বা বৃত্ত ভরাট করা হলে ঐ পরীক্ষার্থীর খাতা বাতিল বলে গণ্য হবে।
- ০৯। পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পর পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না এবং পরীক্ষা ০১ ঘণ্টা অতিবাহিত না হওয়া পর্যন্ত পরীক্ষার্থী কক্ষের বাইরে যেতে পারবেন না। পরীক্ষার্থীকে পরীক্ষা সমাপ্তির পর পরীক্ষা কক্ষ ত্যাগ করার পূর্বে কর্তব্যরত ইনভিজিলেটরের নিকট তাঁর উত্তরপত্র জমা দিতে হবে।
- ১০। প্রদত্ত উত্তরপত্র ছাড়া প্রশ্নপত্রে বা অন্য কোথাও পরীক্ষার্থী কোনো কিছু লিখতে পারবেন না।
- ১১। পরীক্ষার সময় কোনো পরীক্ষার্থী পরীক্ষা হলের ভেতরে বা বাইরে কোনো প্রকার অসৌজন্যমূলক আচরণ করলে বা অসদুপায় অবলম্বন করলে কর্তব্যরত সুপারিনটেনডেন্ট তাঁকে বহিষ্কার করতে পারবেন।
- ১২। প্রত্যেক পরীক্ষার্থীকে তাঁর প্রবেশপত্র সাথে আনতে হবে। পরীক্ষার্থী প্রবেশ পত্রে উল্লিখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে পরীক্ষা দিতে পারবেন না। প্রবেশ পত্রে উল্লিখিত বিষয় ছাড়া অন্য বিষয়ে পরীক্ষা দিলে তা বাতিল বলে বিবেচিত হবে।
- ১৩। পরীক্ষার্থী শুধুমাত্র OMR শীটের পরীক্ষার্থীর অংশ ছাড়া উত্তরপত্রের অন্য কোথাও বা ব্যবহৃত লুজশীটে তাঁর রোল নম্বর, তালিকাভুক্তি নম্বর ও স্বাক্ষর বা পরিচিতিমূলক কোন কিছু লিখতে পারবেন না। এই নির্দেশ অমান্যকারী পরীক্ষার্থীর উত্তরপত্র বাতিল বলে বিবেচিত হবে।
- ১৪। প্রত্যেক পরীক্ষার্থীকে অবশ্যই উপস্থিতি স্বাক্ষর শীটে স্বাক্ষর করতে হবে। উপস্থিতি স্বাক্ষর শীটে পরীক্ষার্থীর স্বাক্ষর না থাকলে ঐ পরীক্ষার্থীর খাতা বাতিল বলে গণ্য হবে।
- ১৫। ইনভিজিলেটর কর্তৃক চাওয়া মাত্র পরীক্ষার্থী তাঁর প্রবেশপত্র দেখাতে বাধ্য থাকবেন। প্রবেশপত্র দেখাতে ব্যর্থ হলে ইনভিজিলেটর/হল সুপারিনটেনডেন্ট বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১৬। পরীক্ষার্থীগণ তাঁদের উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় সংযুক্ত OMR শীটে এবং অতিরিক্ত শীটে ইনভিজিলেটর দ্বারা স্বাক্ষর করিয়ে নিবেন, উল্লেখ্য নিযুক্ত ইনভিজিলেটর দ্বারা উত্তরপত্র স্বাক্ষরিত না হলে তা বাতিল করা হবে।

মহাসচিব

